भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

A 694065

Certified that the document is admitted to registration. The Signature sheet and the endorsement sheets attached with this document are the part of this document

Addl. District Sub-Registrar
Sonarpur, South 24 Parganas

Addl. Dist Sub-Registrar
Sonarpore, South 24 Pgs.
14 FEB 2013

থানা - সোনারপুর, মৌজা - বারহাঁস ফরতাবাদ,

জমির পরিমান - কমবেশী ২ কাঠা,

মূল্য - ৩,০০,০০০ টাকা,

## -ঃ নিঃস্বত্ব সাফ্ বিক্রয় কোবালা ঃ-

এস. এল. নং 1414 তাং 12.2.13
নাম Mihir Naskar & others.
ঠিকানা Mohamayapur Sonar-
মূল্য 5000 PS- Sonarpur. Kol-84.
**গভঃ স্ট্যাম্প ভেণ্ডার সব্যসাচী দেব**
**সোনারপুর, এ, ডি, এস, আর, ও**
**কোলকাতা - ১৫০**

Seal of the Additional District Sub-Registrar, Sonarpur, South 24 Parganas

Addl. Dist. Sub-Registrar
Sonarpur, South 24 Pgs.
14 FEB 2013

Identified by
Subodh Kumar Nayek
Advocate
Calcutta High Court
Kol-1

<u>কোবালা গ্রহীতা</u> ঃ -

১) শ্রী মিহির নস্কর, ২) শ্রী অরুন নস্কর, পিতা - শ্রী মানিক লাল নস্কর, জাতি - হিন্দু, পেশা - ব্যবসা ও চাকুরী, সাং - মহামায়াপুর, গড়িয়া, থানা - সোনারপুর, কলকাতা - ৭০০০৮৪।

<u>কোবালা দাতাগন</u> ঃ -

শ্রী গোপীচরন মন্ডল, পিতা - স্বর্গীয় যতীশ চন্দ্র মন্ডল, জাতি - হিন্দু, পেশা - ব্যবসা, সাং - বারহাঁস ফরতাবাদ, মহামায়াপুর, কালীতলা, থানা - সোনারপুর, কলকাতা - ৭০০০৮৪।

কস্য শুভ রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের হস্তান্তরযোগ্যের খেরাজী ডাঙ্গা জমি জমা মায় যাবতীয় ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সমেত অত্র নিঃস্বত্ব সাফ্ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ -

জেলা ২৪ পরগণা, থানা ও এ্যা. ডি. সাব রেজিষ্ট্রী অফিস - সোনারপুর, পরগণা - মেদনমল্ল, রাজপুর - সোনারপুর পৌরসভার অন্তর্গত ২৮ নং ওয়ার্ড ভুক্ত মৌজা - বারহাঁস ফরতাবাদ গ্রামে অবস্থিত নিম্ন তপশীলে বিশেষ রূপে প্রকাশিত অত্র জেলা কালেকটারীর মহাল জে. এল. নং - ৪৭, রে. সা. নং - ৭, তৌজি ১০৯ নং ভুক্ত রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের আর. এস. ৫৯৬ নং খতিয়ান ভুক্ত, আর. এস. ১১৮৬ নং দাগে ডাঙ্গা ১৩ শতক জমির মধ্যে আমার সেটেলমেন্ট দলিল মূলে ও ভ্রাতার নিকট হইতে খরিদা কমবেশী ২ কাঠা পরিমিত জমি জমা মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র কোবালা মূলে বিক্রীত সম্পত্তি হইতেছে।

Seal of the Additional District Sub-Registrar, Sonarpur, South 24 Parganas

Addl. Dist Sub-Registrar
Sonarpore, South 24 Pgs.

14 FEB 2013

উক্ত জমি জমা সহ আরও অন্যান্য জমি জমাতে হাল রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপে বারহাঁস ফরতাবাদ নিবাসী হরিমোহন মন্ডল মহাশয়ের পুত্র সতীশ চন্দ্র মন্ডল ও যতীশ চন্দ্র মন্ডল মহাশয়দ্বয়ের নাম বরাবর রেকর্ড ভুক্ত সম্পত্তি থাকাবস্থায় তাহাদের নিজে ভোগ দখলের সুবিধার্থে উক্ত সতীশ চন্দ্র মন্ডল ও যতীশ চন্দ্র মন্ডল মহাশয়দ্বয় গত ইংরাজী ২০/৭/১৯৬২ তারিখে বারুইপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ৭৩২৯ নং দলিল মূলে একটি আপোষ বিভাগ বন্টন নামা দলিল রেজিষ্ট্রী করিয়া লয়েন। সেমতে উক্ত আপোষ বিভাগ বন্টন নামা মূলে উক্ত যতীশ চন্দ্র মন্ডল মহাশয় দ্বিতীয় পক্ষ ভুক্ত হইয়া 'গ' তপশীল বর্নিত উপরোক্ত জমি জমা মায় আরও কতক সম্পত্তি একক ভাবে নিজাংশে নির্দিষ্ট মতে প্রাপ্ত হইয়া উহা সরকার বাহাদুরে কর ও খাজনাদী প্রদানে স্বত্ববান থাকাকালীন উক্ত যতীশ চন্দ্র মন্ডল মহাশয় গত ইংরাজী ২৩/১১/১৯৮৪ তারিখে সম্পাদিত ও সোনারপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১৯৮৪ সালের ৪৫২০ হইতে ৪৫২৩ নং চারখানি পারিবারিক ব্যবস্থাপত্র বা ডিড্ অফ্ সেটেলমেন্ট দলিল মূলে তাহার চার পুত্র গোপী চরন মন্ডল, বাসুদেব মন্ডল, স্বপন মন্ডল ও নিতাই মন্ডল মহাশয়দের প্রত্যেককে উপরোক্ত দাগের কমবেশী ১ কাঠা বা ১ ১/২ শতক সম্পত্তির নিরূপন করেন। তৎপর উপরোক্ত বাসুদেব মন্ডল তাহার নগদ টাকার প্রয়োজনে তাহার অংশের তপশীল বর্নিত দাগের অবিভক্ত ১ কাঠা বা ১ ১/২ শতক পরিমান ভূমি মায় আরও কতক সম্পত্তি তাহার জ্যেষ্ঠ ভ্রাতা গোপীচরণ মন্ডল মহাশয়কে ৯/৯/১৯৮৭ তারিখে সম্পাদিত ও সোনারপুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ৪১৩৬ নং দলিল মূলে বিক্রয় করেন। সেমতে অত্র কোবালা দাতা আমি পিতার নিকট হইতে নিরূপনপত্র দলিল মূলে প্রাপ্ত কমবেশী ১ কাঠা ও ভ্রাতার নিকট হইতে খরিদ সূত্রে প্রাপ্ত কমবেশী ১ কাঠা জমি, মোট ২ কাঠা পরিমিত জমি জমা প্রাপ্ত হইয়া মালিক সরকারে ধার্য্যকৃত খাজনাদী সন সন আদায়

Seal of the Additional District Sub-Registrar, Sonarpur, South 24 Parganas

Addl. Dist. Sub-Registrar
Sonarpur, South 24 Pgs.

14 FEB 2023

দিয়া অদ্যাবধি খাসে ভোগবান দখলিকার আছি ও হইতেছি। উহাতে আমার বিক্রয়যোগ্য উত্তম স্বত্ব বিদ্যমান আছে।

বর্তমানে আমার নানাবিধ বৈধ্য কারনে নগদ অর্থের বিশেষ আবশ্যকে উক্ত বা নিম্ন তপশীল বর্নিত জমি জমা বিক্রয়ের ঘোষণা করিলে আপনারা অত্র কোবালা গ্রহীতা তাহা জানিতে পারিয়া উক্ত জমি খরিদ করিবার প্রস্তাব করায় আমি আপনাদের প্রস্তাবে সম্মত হইয়া উক্ত জমি জমার বর্তমান বাজার যাচাই সর্বোচ্চ মূল্য - ৩,০০,০০০ টাকা ধার্য্য করিয়া অদ্যকার তারিখে মূল্যের সম্পূর্ণ টাকা আপনাদের নিকট হইতে নগদে বুঝিয়া পাইয়া আপনাদের অনুকূলে নিঃস্বত্ব সাফ্ বিক্রয় করিয়া আমি স্বীকার ও অঙ্গীকার করিতেছি যেঃ -

অদ্যকার তারিখ হইতে নিম্ন তপশীল বর্ণিত জমিতে আপনারা আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান দখলে কায়েম দখলিকার হইয়া মালিক সরকারে এবং স্থানীয় পৌরসভার অফিসে আপনাদের নিজ নাম পত্তন করিয়া নিরূপিত খাজনা ও ট্যাকসাদী আদায়ে দান, বিক্রয়, বন্ধক, গৃহাদী নির্মাণ প্রভৃতি কার্য্যের দ্বারা পুত্র, কন্যা, পৌত্রাদি ওয়ারিশানগণক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে আমার বা আমার ওয়ারিশানগণক্রমে কোনরূপ দাবি দাওয়া ওজর আপত্তি করিব না বা করিবে না, যদি করি বা কেহ করে তাহা সর্বত্র সর্ব্বাদালতে অগ্রাহ্য ও নামঞ্জুর হইবেক।

আরও প্রকাশ থাকে যে, বিক্রীত জমি জমা আমি ইতিপূর্বে অন্য কাহারও নিকট কোন প্রকার দান, বিক্রয় কিংবা বন্ধকাদির দ্বারা দায় সংযোগ করি নাই বা আমার আর অন্য

Seal of the Additional District Sub-Registrar, Sonarpur, South 24 Parganas

Addl. Dist Sub-Registrar
Sonarpore, South 24 Pgs.

14 FEB 2013

কোন শরিক নাই বা কাহাকেও প্রজা বিলি বা লীজ দিই নাই বা কোন ভাগচাষী বা বর্গাদার নাই। উক্ত জমি জমা সরকার কর্ত্তৃক এ্যাকুইজিশান বা রিক্যুইজিশান করা হয় নাই। উক্ত জমি জমা কোন মামলা মোকর্দ্দমার বিষয় ভুক্ত নহে। কাহারও নিকট বিক্রয়ের জন্য কোন বায়না করি নাই। সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ, পরিস্কার ও মুক্তাবস্থায় আপনাদের বিক্রয় করিলাম ও দখল বুঝাইয়া দিলাম।

যদি ভবিষ্যতে আমার কৃত কোন কার্য্যের দোষে বা কোন শরিক উদ্ভব হইয়া আপনাদের খরিদা স্বত্বের কোনরূপ ক্ষয়ক্ষতি হয় তাহা হইলে সেই সমস্ত ক্ষতি পূরণ করিতে আমি মায় ওয়ারিশানগণক্রমে আইনতঃ বাধ্য থাকিলাম। আরও উল্লেখ থাকে যে, বিক্রীত দলিলের কোন অংশ ভুল ভ্রান্তি প্রকাশ পাইয়া ভবিষ্যতে কোন সংশোধন দলিলের আবশ্যক হইলে পুনরায় বিনা পনে আপনাদের খরচায় উক্ত সংশোধন দলিলাদি রেজিষ্ট্রী করিয়া দিতে আমি মায় ওয়ারিশানগণক্রমে আইনতঃ বাধ্য থাকিলাম।

এতদ্বর্থে স্বেচ্ছায় সুস্থ শরীরে স্বজ্ঞানে সরল মনে অন্যের বিনানুরোধে উপরিলিখিত কোবালার মর্ম সম্যক অবগত হইয়া এবং নিম্ন স্বাক্ষরকারী সাক্ষীগনের সম্মুখে পন মূল্যের সম্পূর্ণ টাকা নগদে এককালীন বুঝিয়া পাইয়া সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম।

ইতি তাং - বাংলা ১৪১৯ সনের - ২ রা ফাল্গুন।

ইংরাজী ২০১৩ সালের - ১৪ ই ফেব্রুয়ারী।

Seal of the Additional District Sub-Registrar, Sonarpur, South 24 Parganas

Addl. Dist Sub-Registrar
Sonarpore, South 24 Pgs.

14 FEB 2013

## - - ঃ তপশীলে বিক্রীত সম্পত্তির পরিচয় ঃ - -

জেলা - দক্ষিণ ২৪ পরগণা, থানা এবং এ্যা. ডি. সাব রেজিষ্ট্রী অফিস - সোনারপুর, পরগণা - মেদনমল্ল, রাজপুর - সোনারপুর পৌরসভার অন্তর্গত ২৮ নং ওয়ার্ড ভুক্ত, হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগনা কালেকটার আলিপুর অধিন মৌজা - বারহাঁস ফরতাবাদ গ্রামে অবস্থিত রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের আর. এস. ৫৯৬ নং খতিয়ান ভুক্ত এক জমায় ৩২৩ শতক জমির বার্ষিক খাজনা ৩০.৩৮ টাকা জমার মধ্যে বিক্রীত কমবেশী ২ কাঠা জমির বার্ষিক হারাহারি খাজনা ১০০ পয়সা জমা, জে. এল. নং - ৪৭, রে. সা. নং ৭, তৌজি ১০৯ নং ভুক্ত, আর. এস. ৫৯৬ নং খতিয়ান ভুক্ত।

আর. এস. ১১৮৬ এক হাজার এক শত ছিয়াশি নং দাগে ডাঙ্গা ১৩ শতক জমির মধ্যে আমার সেটেলমেন্ট দলিল মূলে ও ভ্রাতার নিকট হইতে খরিদা কমবেশী ২ কাঠা পরিমিত জমি জমা মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র কোবালা মূলে বিক্রীত সম্পত্তি হইতেছে।

<u>চৌহদ্দি</u>

উত্তর - আর. এস. ১১৮৫ নং দাগের ভূমি।

দক্ষিণ - আর. এস. ১১৯০ ও ১১৯৩ নং দাগের ভূমি।

পূর্ব - আর. এস. ১১৮৬ নং দাগের ভূমি।

পশ্চিম - আর. এস. ১১৮৬ নং দাগের ভূমি।

Seal of the Additional District Sub-Registrar, Sonarpur, South 24 Parganas

Addl. Dist. Sub-Registrar
Sonarpore, South 24 Pgs.

14 FEB 2013

**টাকার জায়** ঃ - Axis Bank Ltd এর Electronic Complex Salt Lake, Kol-700091 শাখার উপর প্রদত্ত 13/02/2013 তারিখের 05892 নং Draft মূলে ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকা বুঝিয়া পাইলাম।

মুসাবিদা কারক -

Subodh Kumar Nayre
Advocate
Calcutta High Court
Enrol No- F/226/139/81

ইসাদী -

1. Nitai Chandra Mondal
Barhans, Fartabad, Kalitala.
P.O- Garia, P.S- Sonarpur, Kol- 84.

2. Raju Naskar
Garia Station Road (Kalitala)
P.O- Garia, P.S- Sonarpur, Kol-84

টাইপ কারক -

Subhadeep Mukherjee
সোনারপুর সাব রেজিষ্ট্রী অফিস।

Seal of the Add... District Sub-Registrar, Sonarpur, South 24 Parganas

Addl. Dist. Sub-Registrar
Sonarpur, South 24 Pgs.

14 FEB 2012

দাতা / দাখিল কারক



| | বৃদ্ধাঙ্গুল | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

নাম শ্রীগোপালচন্দ্র মণ্ডল স্বাক্ষর শ্রীগোপালচন্দ্র মণ্ডল

দাতা / গ্রহীতা



| | বৃদ্ধাঙ্গুল | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

নাম মিহির নস্কর স্বাক্ষর Mihir Naskar (মিহির নস্কর)

দাতা / গ্রহীতা



| | বৃদ্ধাঙ্গুল | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |
| ডানহাত | | | | | |

নাম অরুণ নস্কর স্বাক্ষর Arun Naskar

দাতা / গ্রহীতা

| | বৃদ্ধাঙ্গুল | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বামহাত | | | | | |

ফটো

Seal of the Additional District Sub-Registrar, Sonarpur, South 24 Parganas

Addl. Dist Sub-Registrar
Sonarpore, South 24 Pgs.

14 FEB 2013

## Government of West Bengal
## Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue
## Office of the A.D.S.R. SONARPUR, District- South 24-Parganas
## Signature / LTI Sheet of Serial No. 02261 / 2013, Deed No. (Book - I , 01775/2013)

I . Signature of the Presentant

| Name of the Presentant | Photo | Finger Print | Signature with date |
| --- | --- | --- | --- |
| Gopicharan Mondal Barhans Fartabad , Mahamayapur Kalitala, Kolkata, Thana:-Sonarpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700084 |  14/02/2013 |  LTI 14/02/2013 | |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
| --- | --- | --- | --- | --- | --- |
| 1 | Gopicharan Mondal Address -Barhans Fartabad , Mahamayapur Kalitala, Kolkata, Thana:-Sonarpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700084 | Self |  14/02/2013 |  LTI 14/02/2013 | |

**Name of Identifier of above Person(s)**
Subodh Kumar Nayak
Calcutta High Court, District:-South 24-Parganas,
WEST BENGAL, India,

**Signature of Identifier with Date**
Subodh Kumar Nayak
14. 02. 2013

(Biswajit Dey)
**ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**
**Office of the A.D.S.R. SONARPUR**

Seal of the Additional District Sub-Registrar, Sonarpur, South 24 Parganas

Addl. Dist Sub-Registrar
Sonarpore, South 24 Pgs.
14 FEB 2013

Government Of West Bengal
Office Of the A.D.S.R. SONARPUR
District:-South 24-Parganas

## Endorsement For Deed Number : I - 01775 of 2013
## (Serial No. 02261 of 2013)

**On 14/02/2013**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23, 4 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 18703.00/-, on 14/02/2013

( Under Article : A(1) = 18689/- ,E = 14/- on 14/02/2013 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-17,00,000/-

Certified that the required stamp duty of this document is Rs.- 102020 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs. 97020/- is paid , by the draft number 358062, Draft Date 14/02/2013, Bank : State Bank Of India, FARTABAD, received on 14/02/2013

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 11.45 hrs on :14/02/2013, at the Office of the A.D.S.R. SONARPUR by Gopicharan Mondal ,Executant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 14/02/2013 by

1. Gopicharan Mondal, son of Lt. Jatish Ch. Mondal , Barhans Fartabad , Mahamayapur Kalitala, Kolkata, Thana:-Sonarpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700084, By Caste Hindu, By Profession : Business

Identified By Subodh Kumar Nayak, son of . ., Calcutta High Court, District:-South 24-Parganas, WEST BENGAL, India, , By Caste: Hindu, By Profession: Advocate.

( Biswajit Dey )
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR

**( Biswajit Dey )**
**ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**

14/02/2013 14:18:00

Seal of the Additional District Sub-Registrar, Sonarpur, South 24 Parganas

14 [illegible]B 2013

***Certificate of Registration under section 60 and Rule 69.***

Registered in Book - I
CD Volume number 5
Page from 3072 to 3083
being No 01775 for the year 2013.

(Biswajit Dey) 18-February-2013
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A.D.S.R. SONARPUR
West Bengal